

পরিসংখ্যান বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০, বাংলাদেশ

ফ্যাক্স ৮৮০-২-৯৬৬৭২২২

দূরত্বালাপনী : +৮৮০৯৬৬৬৯১১৪৬৩/৭১৯০, ৭১৯১

মোবাইল : +৮৮০১৫০৮২৮১৩৪৪

ই-মেইল : stat@du.ac.bd



DEPARTMENT OF STATISTICS
University of Dhaka, Dhaka-1000, Bangladesh
Fax : 880-2-9667222
Telephone : +8809666911463/7190, 7191
Mobile : +8801538281344
E-mail : stat@du.ac.bd

তারিখ: ০৮ অগ্রহায়ন, ১৪২৭ বঙ্গাব্দ
২৩ নভেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

মুজিববর্ষ রচনা প্রতিযোগিতা

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে পরিসংখ্যান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় ইতিমধ্যেই একটি রচনা প্রতিযোগিতা আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে। পরিসংখ্যান বিভাগের ছাত্র-ছাত্রীরা এই রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের মাধ্যমে বাংলাদেশের স্বপ্নদ্রষ্টা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর শিক্ষা ভাবনা এবং শিক্ষাদর্শন সম্পর্কে জানতে পারবে। আমাদের প্রত্যাশা এই রচনা প্রতিযোগিতা শিক্ষার্থীদেরকে সমৃদ্ধ করবে।

রচনা জমা দেয়ার সময়সীমা: ২০শে ডিসেম্বর ২০২০

- রচনায় অংশগ্রহণকারীদের মধ্যে থেকে ১ম, ২য় এবং ৩য় স্থান অধিকারীদেরকে পুরস্কার ও সার্টিফিকেট দেয়া হবে।

১ম পুরস্কার	১০,০০০ টাকা, ফ্রেস্ট ও সার্টিফিকেট
২য় পুরস্কার	৭,০০০ টাকা, ফ্রেস্ট ও সার্টিফিকেট
৩য় পুরস্কার	৫,০০০ টাকা, ফ্রেস্ট ও সার্টিফিকেট

- পুরস্কারপ্রাপ্ত রচনাগুলো বিভাগীয় অনলাইন পত্রিকা প্যাপাইরাস-এর সম্পাদকের প্রস্তাব অনুযায়ী প্যাপাইরাস-এ পর্যায়ক্রমে প্রকাশ করা হবে।
- এছাড়া মুজিববর্ষ ২০২০ উদযাপন উপলক্ষে রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সকলকে বই উপহার দেওয়া হবে।

রচনা সংক্রান্ত তথ্যসমূহ নিম্নরূপ:


রচনার বিষয়বস্তু: “শিক্ষা উন্নয়নে বঙ্গবন্ধুর ভাবনা: প্রেক্ষিত ঢাকা বিশ্ববিদ্যালয়।”	
অংশগ্রহণকারীদের যোগ্যতা: পরিসংখ্যান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১ম, ২য়, ৩য়, ৪র্থ এবং এম.এস. শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য	
রচনা প্রতিযোগিতার নির্দেশনাবলী:	
ক) একক নামে বাংলায় রচনা লিখতে হবে।	ঙ) A4 সাইজের কাগজের একপাশে স্বহস্তে রচনা লিখতে হবে।
খ) রচনায় ব্যবহৃত তথ্যসূত্র অবশ্যই উল্লেখ করতে হবে।	চ) রচনার কভার পৃষ্ঠায় অবশ্যই জমাদানকারীর নাম, পিতা ও মাতার নাম, মোবাইল নম্বর, রোল নং, রেজিস্ট্রেশন নং, হলের নাম এবং কোন বর্ষে অধ্যয়নরত তা উল্লেখ করতে হবে।
গ) ৬,০০০ (ছয় হাজার) শব্দসীমার মধ্যে রচনা লিখতে হবে (তথ্যসূত্র ব্যতীত)।	ছ) বিশ্ববিদ্যালয়ের আইডি কার্ডের ফটোকপি রচনার সাথে জমা দিতে হবে।
ঘ) রচনার শব্দসংখ্যা নির্ধারিত শব্দসীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।	জ) জমাদানকারী রচনার কপি মুজিববর্ষ উদযাপন কমিটির আহ্বায়কের নিকট জমা দিবে এবং নির্ধারিত কাগজে স্বাক্ষর করবে।

রচনা জমা দেয়ার ঠিকানা:

আহ্বায়ক (নিম্ন স্বাক্ষরকারী)

মুজিববর্ষ উদযাপন কমিটি

পরিসংখ্যান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।


26/11/2020

(অধ্যাপক মুরশীদা খানম)

আহ্বায়ক,

মুজিববর্ষ উদযাপন কমিটি

পরিসংখ্যান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।